গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সমন্বয় শাখা

**জানুয়ারি ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ২৭ জানুয়ারি ২০২৬
সময় : বেলা: ২.০০ ঘটিকা
স্থান : সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাকক্ষ (কক্ষ নং-৮২৮)
উপস্থিত : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করা হয়।

২। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা অনুযায়ী নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা:**<br>৩০ ডিসেম্বর ২০২৫ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধন প্রস্তাব পাওয়া যায়নি। | বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ় করা হলো। | উপসচিব (সমন্বয়) ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ২. | **শূন্যপদ পূরণ:**<br>৪৪তম হতে ৪৭তম বিসিএস মাধ্যমে পূরণের নিমিত্ত সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর নিয়োগযোগ্য ১১০টি পদের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এছাড়া, পরবর্তী উচ্চতর পদে অর্থাৎ উপ-বিভাগীয় প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) পদে পদোন্নতি (নিয়মিত হিসেবে) বিবেচনায় সহকারী প্রকৌশলী (সিভিল/যান্ত্রিক) এর ৪১টি পদ ৫০তম বিসিএস এর মাধ্যমে পূরণ করা যেতে পারে মর্মে মন্ত্রণালয়কে অবহিত করা হয়েছে। এছাড়া, ১১-২০তম গ্রেডের ১৮৮ পদে নিয়োগের লক্ষ্যে গত ২৬.০১.২০২৬ তারিখে দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ৫ম-৯ম গ্রেডের ১০ (দশ) টি শূন্য পদে নিয়োগের লক্ষ্যে সভা আহবানের জন্য মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। বিআরটিএ ও ডিএমটিসিএল এর প্রতিনিধি জানান, নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম যথাযথভাবে চলমান আছে। | (১) দপ্তর/সংস্থায় সকল গ্রেডের শূন্যপদ পূরণের কার্যক্রম অব্যাহত রাখতে হবে। গৃহীত কার্যক্রমের অগ্রগতি সুনির্দিষ্ট তথ্যসহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>(২) ৪৪তম হতে ৪৭তম এবং ৫০তম বিসিএস এর মাধ্যমে সওজ অধিদপ্তরের ১১০টি এবং ৪১টি পদ পূরণে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(৩) ডিটিসিএ'র নির্বাহী পরিচালক পদায়নের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করতে হবে।<br>(৪) ডিএমটিসিএল ও বিআরটিএ'র শূন্য পদে নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/যুগ্মসচিব (বিআরটিএ/এমআরটি) /উপসচিব (সওজ সংস্থাপন ১ ও ২)/ (ডিটিসিএ)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন) |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩. | **অডিট আপত্তির বিবরণী:**<br>সভায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার অডিট সংক্রান্ত বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়: | | |

| বিভাগ/দপ্তর/সংস্থা | প্রারম্ভিক জের | অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা | | | | মোট | বর্তমান মাসে নিষ্পত্তি | মোট অনিষ্পন্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সাধারণ | অগ্রিম | খসড়া | এ মাসে প্রাপ্ত | | | |
| সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | ০৩ | ১ | ২ | - | - | ৩ | ০ | ০৩ |
| সওজ অধিদপ্তর | ৭২০০ | ১০৯৭ | ৫৫১৭ | ৫৮৬ | ০ | ৭২০০ | ২১ | ৭১৭৯ |
| বিআরটিসি | ১১৯৪ | ২১২ | ৮৮২ | ১০০ | ০ | ১১৯৪ | ১১ | ১১৮৩ |
| বিআরটিএ | ৪৪৫ | ২৬৬ | ১৭৯ | - | ০ | ৪৪৫ | ০ | ৪৪৫ |
| ডিটিসিএ | ৩৪ | ১৩ | ২১ | ০ | ০ | ৩৬ | ২ | ৩৪ |
| ডিএমটিসিএল | ১১২ | ২৬ | ৮৬ | ০ | ০ | ১১২ | ০ | ১১২ |
| ঢাকা বিআরটি | ১৪ | ৩ | ৩ | ৮ | ০ | ১৪ | ৪ | ১০ |
| মোট | ৯০০২ | ১৬১৮ | ৬৬৯০ | ৬৯৪ | ০ | ৯০০৪ | ৩৮ | ৮৯৬৬ |

**নভেম্বর'২৫ মাসে অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ছিল ৯০০২টি। ডিসেম্বর ২৫ মাসে ৩৮টি অডিট আপত্তি নিষ্পত্তি এবং কোনো অডিট আপত্তি অন্তর্ভুক্ত না হওয়ায় অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৮৯৬৬টি।**

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি বলেন, সওজ অধিদপ্তর ও বিআরটিসি'র অধিক সংখ্যক অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। আগামী ৩০ জুনের মধ্যে অডিট আপত্তির সংখ্যা অর্ধেকে কমিয়ে আনার লক্ষ্যে সভাপতি একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়নের জন্য অতিরিক্ত সচিব (বাজেট)-কে পরামর্শ প্রদান করেন। জাতীয় নির্বাচনের পরে এ বিভাগের কর্মকর্তাদের মনিটরিং এরিয়ায় অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভা করার নির্দেশনা দেন। এ বিষয়ে অডিট শাখা হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। ত্রি-পক্ষীয় সভায় প্রতিনিধি মনোনয়নের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগের জন্য সভাপতি নির্দেশনা দেন। | (১) ৩০ জুনের মধ্যে অডিট আপত্তির সংখ্যা অর্ধেকে কমিয়ে আনার লক্ষ্যে একটি সমন্বিত কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(২) নির্বাচনের পরে এ বিভাগের কর্মকর্তাদের মনিটরিং এরিয়ায় অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে সভার আয়োজন করতে হবে। এ বিষয়ে অডিট শাখা হতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>(৩) ত্রি-পক্ষীয় সভা আয়োজনের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা প্রধান/অতিরিক্ত সচিব (বাজেট)/ পরিচালক (হিসাব ও নিরীক্ষা)/ উপসচিব (অডিট) |
| ৪. | **সড়ক ও জনপথ অধিদপ্তর**<br>**ক. বৃক্ষরোপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর জানান, উন্নয়ন খাতের বরাদ্দ ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে সারাদেশে বৃক্ষ রোপনের কার্যক্রম চলমান আছে। সভাপতি জানান সব ধরণের গাছ মহাসড়কের জন্য উপযুক্ত নয় তাই বিষয়টি বিবেচনায় নিয়ে মে-জুলাই সময়ে বৃক্ষরোপন করার জন্য একটি পরিকল্পনা প্রণয়নের জন্য সভাপতি প্রধান প্রকৌশলী, সওজ-কে পরামর্শ প্রদান করেন। প্রধান প্রকৌশলী জানান, ল্যান্ডস্ক্যাপ নীতিমালার একটি খসড়া প্রস্তুত করা হয়েছিল। ইতোমধ্যে এর উপর মন্ত্রণালয়ে বেশ কয়েকবার সভা হয়েছে। এখনও চূড়ান্ত হয়নি। | (১) মে-জুলাই সময়ে বৃক্ষরোপন করার জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br>(২) ল্যান্ডস্ক্যাপ নীতিমালা চূড়ান্ত করার উদ্যোগ নিতে হবে। | অতিরিক্ত সচিব (উন্নয়ন)/ প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ উপসচিব (সওজ সংস্থাপন-২) |
| | **খ. টোল আদায়:**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৯টি বন্ধ টোলপ্লাজা চালুর নিমিত্ত সর্বাত্বক প্রচেষ্টা অব্যাহত রয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। অন্যান্য বন্ধ টোলপ্লাজাগুলো চালুর লক্ষ্যে প্রচেষ্টা অব্যাহত আছে। | বন্ধ টোলপ্লাজায় টোল আদায় চালু করতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও বিভাগীয় কমিশনার এর সাথে যোগাযোগ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ/ উপসচিব (টোল ও এক্সেল)/মনিটরিং টীম (সকল) |
| | **গ. সওজ অধিদপ্তরের ভূমি নামজারি সংক্রান্ত:**<br>এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয় জানান, হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নেয়ার জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা দেয়া হয়েছে। ৬৫টি সড়ক বিভাগ থেকে প্রাপ্ত জেলা পরিষদ ও অন্যান্য উৎস থেকে সওজ এর নামে হস্তান্তরিত জায়গার তালিকা ও গেজেটের কপি পাওয়া গিয়েছে। নামজারির ক্ষেত্রে বেশকিছু সমস্যা চিহ্নিত করা হয়েছে। তালিকা ও গেজেটের কপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। শাখা সংশ্লিষ্ট কর্মকর্তা জানান, ভূমি নামজারির জটিলতা নিরসনের লক্ষ্যে গত ০৯.১২.২০২৫ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ) এর সভাপতিত্বে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। | (১) হস্তান্তরিত ও অধিগ্রহণকৃত ভূমি যেগুলোর নামজারি হয়নি সেগুলোর দ্রুত নামজারির পদক্ষেপ নিতে হবে।<br>(২) ভূমি নামজারির জটিলতা নিরসনকল্পে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | অতিরিক্ত সচিব (এস্টেট)/ দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>ঘ. Smart Case Management System:<br>যুগ্মসচিব (আইন) জানান যে, উচ্চ আদালতে দায়েরকৃত মামলার হালনাগাদ তথ্য Smart Case Management System-এ আপলোড করা হচ্ছে। ডিসেম্বর ২০২৫ পর্যন্ত হালনাগাদ আপলোডকৃত মামলার পরিসংখ্যান:
<table>
<tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>হাইকোর্ট বিভাগ</th><th>আপিল বিভাগ</th><th>মোট মামলার সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>সওজ অধিদপ্তর</td><td>৫৭০</td><td>১৫</td><td>৫৮৫</td></tr>
<tr><td>০২</td><td>বিআরটিএ</td><td>৩০৬</td><td>০১</td><td>৩০৭</td></tr>
<tr><td>০৩</td><td>বিআরটিসি</td><td>১১</td><td>১৪</td><td>২৫</td></tr>
<tr><td>০৪</td><td>ডিটিসিএ</td><td>০২</td><td>০০</td><td>০২</td></tr>
<tr><td>০৫</td><td>ডিএমটিসিএল</td><td>৫</td><td>০১</td><td>০৬</td></tr>
<tr><td></td><td>মোট</td><td>৮৯৪</td><td>৩১</td><td>৯২৫</td></tr>
</table></td><td>মামলার হালনাগাদ তথ্যাদি যথাসময়ে Smart Case Management System-এ আপডেট রাখতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (আইন)/এস্টেট ও আইন কর্মকর্তা (সকল)</td></tr>
<tr><td></td><td>ঙ. উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বের ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধন:<br>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল. নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের জন্য ২৭৬/২২ নং মিস কেইস দায়ের করা হলে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় এর স্মারক নং-৩১.৩০.২৬০৮.০০১.০৪.২৪৯/১৮. ২০২৩-৭৩১(সং) তারিখ ১৬ এপ্রিল ২০২৩ এর মাধ্যমে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, ঢাকা বরাবর মূল নথি প্রেরণ করা হলে জেলা প্রশাসক, ঢাকা নালিশী ভূমি আরএস- ৮নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে পূর্ত ও নগর উন্নয়ন বিভাগ ও সিটি জরিপ ৩নং খতিয়ানে বাংলাদেশ সরকার পক্ষে সড়ক ও জনপথ বিভাগ এর নামে রেকর্ডভুক্ত হওয়ায় সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধির উপস্থিতিতে শুনানী গ্রহণপূর্বক গৃহীত সিদ্ধান্ত ও সুস্পষ্ট মতামতসহ বিস্তারিত প্রতিবেদন প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল, ঢাকাকে ১৪ আগষ্ট ২০২৫ তারিখে পত্র প্রেরণ করেন।</td><td>উত্তরায় ঢাকা-ময়মনসিংহ মহাসড়কের পার্শ্বে জে.এল.নং-১৪ (সিটি জরিপ) ফয়দাবাদ মৌজার ২৪ শতাংশ জায়গার রেকর্ড সংশোধনের বিষয়ে কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এবং সহকারী কমিশনার (ভূমি), ক্যান্টনমেন্ট রাজস্ব সার্কেল এর সাথে যোগাযোগ রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ /এস্টেট ও আইন কর্মকর্তা, প্রধান কার্যালয়</td></tr>
<tr><td></td><td>চ. তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা উদ্ধার<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারের বিষয়ে বিজ্ঞ আদালতে আপীল দায়ের করা হয়েছে; যার আপীল নং-এফ.এ.টি-৪০৯/২০২৫।</td><td>তেজগাঁও এলাকায় সওজ এর ২ একর জায়গা জনৈক রেজাউল করিমের কাছ থেকে উদ্ধারে আইনি প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ছ. কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণ:<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান যে, কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭ তলা ভবন নিয়ে দায়েরকৃত ১২টি মামলার তথ্য পাওয়া গিয়েছে। তন্মধ্যে ৬টি উচ্চ আদালতে ৬টি নিম্ন আদালতে। উচ্চ আদালতে দায়েরকৃত ৬টি রিটের মধ্যে ৩টি নিষ্পত্তি হয়েছে। এর মধ্যে রিট নং-৫৭৬৭/২০০১ এবং ৩৯৬২/২০০২ এর ১৩ জুলাই ২০১৭ তারিখের নিষ্পত্তির আদেশের নিম্ন দেওয়ানী আদালতে টাইটেল স্যুট নং- ১/১৯৯৮, ৪৮/১৯৯৮, ৭/১৯৯৮, ১৫৮/১৯৯৮ এবং ৮৫/১৯৯৮ নিষ্পত্তি হওয়ার পূর্ব পর্যন্ত Status-quo বজায় রাখার জন্য বলা হলে আদেশটি Vacate করণের লক্ষ্যে রিট নং-৩৯৬২/২০০২ এর আপীল ৩২৭৩/২০২৫ এবং রিট নং-৫৭৬৭/২০০১ এর আপীল ৩২৭২/২০২৫ দায়ের করা হয়েছে।</td><td>কল্যাণপুর এলাকায় সওজ অধিদপ্তরের জায়গায় নির্মিত ১৭তলা ভবন (মিজান টাওয়ার) অপসারণের উদ্দেশ্যে দায়েরকৃত মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে আইনি কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>জ. মাদরীপুরে সওজ অধিদপ্তর অফিসের জায়াগার মালিকানা ফিরিয়ে আনা<br>এস্টেট ও আইন কর্মকর্তা (ঢাকা জোন) জানান, মাদারীপুর সদর উপজেলাধীন ১২৩ নম্বর কুকরাইল মৌজার ১১১/৬১-৬২ নম্বর এলএ কেসের মাধ্যমে সড়ক ও জনপথ অধিদপ্তর নামে অধিগ্রহণকৃত ৭.২৩ একর ভূমি যা জেলা প্রশাসক, মাদরীপুর কর্তৃক মিস কেস নম্বর ৩/২০০৪-২০০৫ এর মধ্যমে রিজিউম করা হয়। উক্ত রিজিউম বাতিল করার জন্য ভূমি মন্ত্রণালয়ে পত্র দেয়া হয়েছে। যোগাযোগ অব্যাহত আছে।</td><td>রিজিউম বাতিলের বিষয়ে ভূমি মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ জোরদার করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/যুগ্মসচিব (সম্পত্তি)/এস্টেট ও আইন কর্মকর্তা (প্রধান কার্যালয়/ঢাকা জোন)</td></tr>
<tr><td></td><td>ঝ. অবৈধ স্থাপনা অপসারণ:<br>আইন শৃঙ্খলা পরিস্থিতি বিবেচনায় রেখে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও পুলিশকে অবহিত করে উচ্ছেদ কার্যক্রম পরিচালনা করা হয় এবং উচ্ছেদ কার্যক্রমের তথ্য নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে।<br>(১) গত ০৩ ডিসেম্বর ২০২৫ ও ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখ সাতক্ষীরা সড়ক বিভাগাধীন ৩৯.১৬ একর ভূমি অবৈধ দখলমুক্ত করা হয়েছে; যার আনুমানিক বাজার মূল্য ৪৫.৫০ কোটি টাকা।<br>(২) গত ০৭ ডিসেম্বর ২০২৫ তারিখ সাসেক ঢাকা-সিলেট করিডোর সড়ক উন্নয়ন প্রকল্পের আওতাধীন ১.২০ একর ভূমি অবৈধ দখলমুক্ত করা হয়েছে। যার আনুমানিক বাজার মূল্য ২৪.০০</td><td>(১) উচ্ছেদ কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) উচ্ছেদ অভিযানের মাধ্যমে উদ্ধারকৃত জায়গা তাৎক্ষণিক বুঝে নিতে হবে এবং দখলে রাখতে</td><td>অতিরিক্ত সচিব (এস্টেট)/প্রধান প্রকৌশলী, সওজ/অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল জোন)/ যুগ্মসচিব (সম্পত্তি)/</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | কোটি টাকা।<br>(৩) গত ১৪ ডিসেম্বর ২০২৫ ও ১৫ ডিসেম্বর ২০২৫ তারিখ দিনাজপুর সড়ক বিভাগাধীন ৩৫.৬০ একর ভূমি অবৈধ দখলমুক্ত করা হয়েছে; যার আনুমানিক বাজার মূল্য ২৭০.০০ কোটি টাকা।<br>(৪) গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখ সিলেট সড়ক বিভাগাধীন ১২.০০ একর ভূমি অবৈধ দখলমুক্ত করা হয়েছে। | প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | এস্টেট ও আইন কর্মকর্তা (সকল) |
| | **ঞ. ইলেক্ট্রনিক টোল কালেকশন (ETC) ব্যবহার :**<br>উপসচিব (টোল ও এক্সেল) জানান, ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার বিষয়ে খসড়া MoU এ বিভাগে পাওয়া গিয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান। MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। ইটিসি'র মাধ্যমে টোল আদায় নিশ্চিত করতে হলে গাড়ীতে আরএফআইডি ট্যাগ লাগানো নিশ্চিত করতে সভায় আলোচনা করা হয়। এ লক্ষে সওজ অধিদপ্তরের সহযোগিতায় বিআরটিএকে কার্যকরী উদ্যোগ নিতে হবে। এ বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জানান, গাড়ীর রেজিস্ট্রেশন ও ফিটনেস প্রদানকালে বাধ্যতামূলকভাবে আরএফআইড ট্যাগ লাগানো যেতে পারে। | (১) ৬টি আর্থিক প্রতিষ্ঠান (ব্যাংক ও MFS)-কে ETC-তে যুক্ত করার লক্ষ্যে খসড়া MoU ভেটিং করে দ্রুত চূড়ান্ত করতে হবে।<br>(২) গাড়ীতে আরএফআইডি ট্যাগ লাগানো নিশ্চিত করতে সওজ অধিদপ্তরের সহযোগিতায় বিআরটিএকে কার্যকরী উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/প্রধান প্রকৌশলী, সওজ/উপসচিব (টোল ও এক্সেল)/সিনিয়র সিস্টেম এনালিস্ট (আরটিএইচডি) |
| | **ট. মহাসড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫**<br>সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ এর খসড়া চূড়ান্ত করার লক্ষ্যে কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটির সভা ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী কার্যক্রম চলমান আছে। | সড়ক রক্ষণাবেক্ষণ নীতিমালা ২০২৫ খসড়া চূড়ান্ত করতে হবে। | সওজ/উপসচিব (রক্ষণাবেক্ষণ) |
| ৫. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)**<br>**ক. ড্রাইভিং লাইসেন্স প্রদান:**<br>বিআরটিএ'র প্রতিনিধি জানান, ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত কমিটি কর্তৃক কারিগরি বিনির্দেশ (Technical Specification), দাপ্তরিক প্রাক্কলন (Official Estimate) প্রস্তুতপূর্বক গত ১৯.১২.২০২৫ তারিখে ই-জিপি সিস্টেমে টেন্ডার আহবান করা হয়েছে। ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। বিবেচ্য মাসে ৪৬২ টি ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট করা হয়েছে। জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রয়েছে। | ভেন্ডর প্রতিষ্ঠান নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং জরুরী ড্রাইভিং লাইসেন্স প্রিন্ট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব(এস্টেট)/ সি.সি এনালিস্ট |
| | **খ. ভেহিকল ইন্সপেকশন সেন্টার (ভিআইসি) স্থাপন ও পরিচালনা:**<br>০৭ (সাত)টি ভিআইসি স্থাপন প্রকল্পের জিওবি খাতে ব্যয় বৃদ্ধি, পরামর্শক খাত পরিবর্তন এবং নতুন অঙ্গ অন্তর্ভুক্তির বিষয়ে যৌক্তিকতা জানতে চেয়ে গত ০৩ ডিসেম্বর ২০২৫ তারিখ পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ হতে এ বিভাগে পত্র প্রেরণ করা হয়। তদানুযায়ী গত ০৬ জানুয়ারি ২০২৬ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে এ সংক্রান্ত যৌক্তিকতা পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রেরণ করা হয়েছে। এছাড়া, চাহিদা বিবেচনায় আরো ভেহিক্যাল ইন্সপেকশন সেন্টার বাড়ানোর বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। | (১) ০৭ (সাত)টি ভিআইসি স্থাপনের ডিপিপি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ রাখতে হবে।<br>(২) চাহিদা বিবেচনায় আরো ইন্সপেকশন সেন্টার বাড়ানোর বিষয়ে বিআরটিএ'র পক্ষ থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিএ) অতিরিক্ত সচিব (পরিকল্পনা)/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |
| | **ঘ. আন্তজার্তিক মানের ড্রাইভার তৈরী:**<br>আন্তর্জাতিক মানের ড্রাইভার তৈরীর লক্ষ্যে যুগোপযোগী ও মানসম্মত ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত ড্রাইভিং প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করা হয়েছে এবং সে অনুযায়ী প্রশিক্ষণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দেওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | এজেন্ডাটি আগামী সভার কার্যপত্র হতে বাদ দিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ বিআরটিসি |
| | **ঙ. সড়ক নিরাপত্তা (Road Safety) সংক্রান্ত তথ্য:**<br>(১) নিয়মিতভাবে সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ করা হচ্ছে। ডিসেম্বর ২০২৫ মাসে সড়ক দুর্ঘটনার তথ্য নিম্নরুপ:<br><table><tr><td>দুর্ঘটনার সংখ্যা</td><td>নিহতের সংখ্যা</td><td>আহতের সংখ্যা</td></tr><tr><td>৪৭৬টি</td><td>৪৭৪</td><td>৩৬৯</td></tr></table> | (১) নিয়মিত সড়ক দুর্ঘটনার তথ্য সংগ্রহ অব্যাহত রাখতে হবে এবং এ বিভাগে প্রেরণ করতে হবে। | |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | (২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য দৈনিক জাতীয় পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচারসহ বিভিন্ন টিভি চ্যানেলে সড়ক নিরাপত্তামূলক তথ্য/স্লোগান ও টিভি ফিলার নিয়মিতভাবে প্রচার করা হচ্ছে। এছাড়া,২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই-ডিসেম্বর) মাসে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগম এলাকায় ৪,৩৬,৮০০টি লিফলেট ও ২,৪২,৭০৮ টি পোস্টার/ স্টিকার বিতরণ করা হয়েছে । এ কার্যক্রম বর্তমানে অব্যাহত আছে।<br><br>(৩) সড়ক নিরাপত্তা আইন-২০২৫ সাব কমিটি কর্তৃক প্রণয়নকৃত খসড়া আইনটি চূড়ান্তকরণের লক্ষ্যে গত ০৭.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে একটি উপকমিটি গঠন করা হয়। রোড সেফটি আইন প্রণয়নের কাজ দ্রুত সম্পাদনের লক্ষ্যে উক্ত উপ-কমিটি কর্তৃক গত ১৯.০১.২০২৬ ও ২১.০১.২০২৬ তারিখে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>(৪) Traffic Management Centre (TMC) হতে ডাটা সরবরাহ ও প্রয়োগের লক্ষ্যে একটি কাঠামো প্রণয়নের জন্য সড়ক ও জনপথ অধিদপ্তর, হাইওয়ে পুলিশ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বিআরটিএ এর সমন্বয়ে গত ২১.১২.২০২৫ তারিখে আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়েছে। | (২) সড়ক দুর্ঘটনা কমিয়ে আনার জন্য গুরুত্বপূর্ণ স্পট ও জনসমাগমপূর্ণ এলাকায় প্রচার-প্রচারণা এবং পত্র-পত্রিকা ও গণমাধ্যমে সচেতনতামূলক লেখা বিজ্ঞাপন প্রচার অব্যাহত রাখতে হবে।<br>(৩) গত ১৯.০১.২০২৬ ও ২১.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৪) আন্ত:মন্ত্রণালয় সভার সিদ্ধান্ত মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/অতিরিক্ত সচিব (এস্টেট)/ যুগ্মসচিব (বিআরটিএ/সড়ক নিরাপত্তা) |
| | **চ. লাইসেন্স প্রদানকালীন ড্রাইভিং টেস্ট গ্রহণ:**<br>বিআরটিএ হতে জানানো হয়েছে, ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিদ্যমান পদ্ধতি পরিবর্তন করে:<br>১) কম্পিউটার বেইজ টেস্ট (CBT) স্বয়ংক্রিয় পদ্ধতিতে প্রণয়নকৃত ৪০টি নৈর্ব্যত্তিক (এমসিকিউ) প্রশ্ন যেখানে নূন্যতম ৩০টি সঠিক হলে (CBT) পরীক্ষায় উত্তীর্ন হবে।<br>২) সেন্সর বেইজড ট্রাক টেস্টের মাধ্যমে ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হবে সে লক্ষ্যে সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধনের নিমিত্ত গত ১৭.১১.২০২৫ তারিখ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ সংশোধন করা হলে বিদ্যমান পদ্ধতি বিলুপ্ত হয়ে যাবে। সে অনুযায়ী কর্মপদ্ধতি পরিবর্তন হবে বিধায় সে আলোকে MOU স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন হবে।<br>এ বিষয়ে চেয়ারম্যান, বিআরটিসি জানান, ড্রাইভিং লাইসেন্স প্রত্যাশীদের কাছ থেকে পরীক্ষা বাবদ বিআরটিসি ও বিআরটিএ আলাদা ফি গ্রহণ করে থাকে। বিষয়টি নিয়ে জনমনে প্রশ্ন থাকতে পারে। তাই আর্থিক স্বচ্ছতা নিশ্চিত করতে ফি গ্রহণের ক্ষেত্রে বিআরটিসি ও বিআরটিএ'র মধ্যে দ্রুত MoU স্বাক্ষর হওয়া প্রয়োজন। | বিআরটিসি'র প্রশিক্ষণকার ও ভেন্যু ব্যবহার ও ফি আদায়ের বিষয়ে বিআরটিসি ও বিআরটিএ'র আলোচনা করে MoU করার বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে। | চেয়ারম্যান, বিআরটিসি/ চেয়ারম্যান, বিআরটিএ |
| | **ছ. মোবাইল কোর্ট পরিচালনা:**<br>বিআরটিএ'র এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগীতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাইরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে ডিসেম্বর ২০২৫ মাসে সারাদেশে ৩৭১৬টি মামলায় ৬৯,৪৩,০৭০/- টাকা জরিমানা আদায় করা হয়। এছাড়া ১০ জন দালালকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান ও ২৭৪ টি গাড়ি ডাম্পিং করা হয়েছে। বিআরটিএ'র প্রতিনিধি জানান, বর্তমানে বিআরটিএ-তে প্রয়োজনের চাহিদা অনুযায়ী নির্বাহী ম্যাজিস্ট্রেটের সংখ্যা কম। ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভাপতি বিআরটিএ শাখার কর্মকর্তাদের নির্দেশনা প্রদান করেন। | (১) বিআরটিএ'র নির্বাহী ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসনের সহযোগিতায় জাতীয় মহাসড়ক এবং শহরের বাহিরে অবৈধ মোটরযান চলাচল বন্ধে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(২) নির্বাহী ম্যাজিস্ট্রেট পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।<br>(৩) মোবাইল কোর্ট পরিচালনার জেলাভিত্তিক পরিসংখ্যান নিয়মিত এ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, বিআরটিএ/ উপসচিব (বিআরটিএ) |
| ৬. | **বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন:**<br>**ক. বিআরটিসি'র নিজস্ব সক্ষমতায় গাড়ী প্রস্তুত:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, নিজস্ব সক্ষমতায় স্বল্প খরচে দক্ষ শ্রমিক ও প্রযুক্তির মাধ্যমে ২টি সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত ২টি বাসের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। বিষয়টি উপদেষ্টা মহোদয়কে অবহিত করা হয়েছে। বাস ২টি উদ্বোধনের জন্য প্রস্তুত রাখা হয়েছে। | উপযুক্ত সময় ও তারিখ নির্ধারণ করে বাস ২টি উদ্বোধনের আয়োজন করতে হবে। | চেয়াম্যান, বিআরটিসি |
| | **খ. বাণিজ্য মেলায় বিআরটিসি'র বাস সার্ভিস পরিচালনা:**<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, আন্তর্জাতিক বাণিজ্য মেলায় যাতায়াতের সুবির্ধার্থে ৫টি রুটে বিআরটিসি বাস সার্ভিস পরিচালনা করছে। রুটগুলো সিসি ক্যামেরা অওতায় আনা হয়েছে এবং অনলাইনে টিকিট বিক্রি করা হচ্ছে। এর ফলে সুষ্ঠু ব্যবস্থাপনা ও নিরাপত্তা এবং আর্থিক স্বচ্ছতা | মেলার শেষ দিন পর্যন্ত বিআরটিসি'র বাস সার্ভিস পরিচালনা এবং তদারকি | চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (প্রশাসন) |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>নিশ্চিত করা সম্ভব হয়েছে।</td><td>অব্যাহত রাখতে হবে।</td><td></td></tr>
<tr><td></td><td>গ. বিআরটিসি’র ৩৪০টি এসিবাস ক্রয়<br>৩৪০টি সিএনজি একতলা এসি বাস সংগ্রহের লক্ষ্যে ০১ ডিসেম্বর ২০২৫ তারিখ দরপত্র আহবান বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ করা হয়। ৩০ ডিসেম্বর ২০২৫ তারিখ দরপত্রের উপর প্রাক-দরপত্র সভা অনুষ্ঠিত হয়। আগামী ২৯ জানুয়ারি ২০২৬ থেকে ৮ দিন বাড়িয়ে দরপত্র উন্মুক্তকরণের সময়সীমা নির্ধারণ করা হয়েছে।</td><td>সিএনজি চালিত ৩৪০টি এসি বাস ক্রয়ের প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করতে হবে।</td><td>চেয়াম্যান,<br>বিআরটিসি</td></tr>
<tr><td></td><td>ঘ. চার্জিং স্টেশন স্থাপন:<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, জিওবি অর্থায়নে বিআরটিসি কর্তৃক বাস্তবায়নের লক্ষ্যে “বিআরটিসি’র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ” শীর্ষক প্রকল্পের আওতায় ১২টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ করা হবে। বর্ণিত বাসগুলোকে চার্জিং করার জন্য UNDP-এর অর্থায়নে “Bangladesh Enabling Electric Vehicle Adoption (BEEVA) in the Framework of Sustainable Energy based Transportation” শীর্ষক প্রকল্পের আওতায় ০৪টি চার্জিং স্টেশন স্থাপন করা হবে।</td><td>(১) ১২টি ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(২) চার্জিং স্টেশন স্থাপন বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ অব্যাহত রাখতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (উন্নয়ন/পরিকল্পনা)/ চেয়ারম্যান, বিআরটিসি/উপসচিব (পিপিপি ও সমন্বয়)</td></tr>
<tr><td></td><td>ঙ. মিনি বাস ক্রয়<br>চেয়ারম্যান, বিআরটিসি জানান, বিভিন্ন অফিস/সংস্থায় বড় বাসের পাশাপাশি ভাড়ায় পরিচালনার জন্য নিজস্ব অর্থায়নে ১০-১৫ টি মিনিবাস ক্রয়ের উদ্যোগ নেয়া হয়েছে।</td><td>মিনি বাস সংগ্রহের বিষয়ে ডিপিপি প্রস্তুত করতে হবে।</td><td>চেয়াম্যান,<br>বিআরটিসি</td></tr>
<tr><td></td><td>চ. ড্রাইভার প্রশিক্ষণ:<br>রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের অর্থিক প্রস্তাব গত ১৩.০১.২০২৬ তারিখে সরকারী ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ বৈঠকে অনুমোদিত হয়েছে। বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তরের মধ্যে ত্রি-পক্ষীয় MoU স্বাক্ষর সম্পন্ন করে দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>রোড সেফটি প্রকল্পের আওতায় ৬০,০০০ জন ড্রাইভারকে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিআরটিসি, বিআরটিএ ও সওজ অধিদপ্তরের মধ্যে ত্রি-পক্ষীয় MoU স্বাক্ষর সম্পন্ন করে দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে হবে।</td><td>চেয়াম্যান,<br>বিআরটিসি/উপসচিব (জিএফডিপি)</td></tr>
<tr><td></td><td>ছ. বিআরটিসি’র প্রকল্প গ্রহণ:<br>বিআরটিসিতে গাড়ী সংগ্রহ ও প্রশিক্ষণ সংক্রান্ত ২টি প্রকল্প প্রক্রিয়াধীন রয়েছে। প্রক্রিয়াধীন ২টি প্রকল্পের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ:
<table>
<tr><td>(ক) মোটরযান চালক তৈরীর লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান।<br>(২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)।</td><td>পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/৬/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়।</td></tr>
<tr><td>বিআরটিসি’র জন্য বৈদ্যুতিক একতলা এসি বাস সংগ্রহ।<br>(২০২৫-২৬ অর্থবছরের এডিপি সবুজ পাতায় অন্তর্ভুক্ত)।</td><td>পিইসি সভায় সিদ্ধান্তের আলোকে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ হতে গত ২৬/১০/২০২৫ তারিখে GoB অর্থায়নে প্রকৃতি নির্ধারনের লক্ষ্যে পুনরায় অর্থ বিভাগে তাগিদপত্র প্রেরণ করা হয়।</td></tr>
</table>
জিওবি অর্থায়নে ট্রাক সংগ্রহের লক্ষ্যে প্রকল্পের উদ্যোগ গ্রহণ করা হয়েছে এবং ডিপিপি প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।</td><td>(১) প্রক্রিয়াধীন প্রকল্প গুলো অনুমোদনের কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br>(২) ট্রাক সংগ্রহের লক্ষ্যে প্রকল্প গ্রহণের জন্য ডিপিপি প্রস্তুত করতে হবে।</td><td>চেয়ারম্যান, বিআরটিসি/ অতিরিক্ত সচিব (পরিকল্পনা)সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)</td></tr>
<tr><td>৭.</td><td><u>ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ:</u><br>ক. Special Purpose Company (SPC) গঠন:<br>উপসচিব (ডিটিসিএ) জানান, Special Purpose Company (SPC) গঠন বিষয়ে অতিরিক্ত সচিব (আরবান ও ট্রান্সপোর্ট) এর সভাপতিত্বে সভা আহবানের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।</td><td>Special Purpose Company (SPC) গঠনের বিষয়টি ত্বরান্বিত করতে হবে।</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/যুগ্মসচিব (এমআরটি)/ উপসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td></td><td>খ. বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৬:<br>ডিটিসিএ’র প্রতিনিধি জানান, বাস পরিবহন সেবা ও বিশেষ অধিকার (রুট ফ্রাঞ্চাইজ), বিধিমালা ২০২৬ এর কয়েকটি তফসিলের খসড়া প্রস্তুত কাজ চলমান আছে।</td><td>সংশোধিত খসড়া বিধিমালা দ্রুত ডিটিসিএ হতে এ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক, ডিটিসিএ/উপসচিব (ডিটিসিএ)</td></tr>
<tr><td>৮.</td><td>ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল)<br>মেট্রোরেলের সিঙ্গেল জার্নি টিকেট বিষয়ে সিদ্ধান্ত:<br>ডিএমটিসিএল হতে জানানো হয়েছে, ডিএমটিসিএল এর নিজস্ব ব্যবস্থায় Universal Ticketing System (UTS) বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় বরাদ্দের অনুমোদন অথবা Public-Private Partnership (PPP) মডেলে বাস্তবায়ন সিদ্ধান্তের জন্য ডিএমটিসিএল এর পরিচালনা</td><td>ডিএমটিসিএল ও ডিটিসিএ’র কাগজের সিঙ্গেল জার্নি টিকেট চালুর সিস্টেমটি একই</td><td>অতিরিক্ত সচিব (আরবান ট্রান্সপোর্ট)/ ব্যবস্থাপনা পরিচালক (ডিএমটিসিএল)নির্বাহী</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্তসমূহ</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td>পরিষদের ৭২তম বোর্ড সভায় উপস্থাপন করা হয়। ডিএমটিসিএল এর পরিচালনা পরিষদের সিদ্ধান্ত মোতাবেক UTS এবং PPP এর আওতায় উক্ত পদ্ধতি গ্রহণের বিষয়ে সম্ভাব্য সুবিধা-অসুবিধা এবং চ্যালেঞ্জসমূহ তুলে ধরে Presentation তৈরি করা হয়েছে। সময় ও তারিখ নিয়ে সচিব মহোদয়ের উপস্থিতিতে এ বিষয়ে একটি উপস্থাপনার আয়োজন করা হবে।<br>মেট্রোরেলের সিঙ্গোল জার্নি টিকেটের বিষয়ে ডিটিসিএ’র প্রতিনিধি জানান, ডিটিসিএর নিজস্ব ব্যয় ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে একটি সিস্টেম প্রস্তুত করা হয়েছে। সিস্টেমটি ব্যবহারের মাধ্যমে খুব সহজে যাত্রীগণ মেট্রোরেলের সিঙ্গোল জার্নি টিকেট সংগ্রহ করে ট্রেনে ভ্রমণ করতে পারবেন। ডিএমটিসিএল ও ডিটিসিএ’র সিস্টেম একই কিনা বিষয়টি আইটি এক্সপার্ট ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের পর্যালোচনা করে দেখার জন্য অতিরিক্ত সচিব (আরবনা ট্রান্সপোর্ট) ও যুগ্মসচিব (এমআরটি)-কে সভায় পরামর্শ প্রদান করা হয়।</td><td>কিনা বিষয়টি আইটি এক্সপার্ট ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে পর্যালোচনা করে দেখতে হবে।</td><td>পরিচালক (ডিটিসিএ)/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td>৯.</td><td>ঢাকা বিআরটি :<br>ক. বিআরটি করিডোরে টোল আদায়:<br>যুগ্মসচিব (সওজ সংস্থাপন ও টিএ) জানান, বিআরটি করিডোর টোল আদায় কার্যক্রমের সার্বিক প্রস্তুতি বিষয়ে গত ২৮.১২.২০২৫ তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে। সিভিল বিষয়ে সওজ অধিদপ্তর হতে কিছু তথ্য চাওয়া হয়েছে। টোল আদায় কার্যক্রমে আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের প্রস্তাব বিআরটিএ হতে এ বিভাগে পাওয়া গিয়েছে। নথি উপস্থাপন পর্যায়ে রয়েছে।</td><td>(১) সিভিল বিষয়ে সওজ অধিদপ্তর হতে চাহিত তথ্যাদি সংগ্রহপূর্বক বিআরটি করিডোরে টোল আদায়ের লক্ষ্যে দ্রুত সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(২) আউটসোর্সিং প্রক্রিয়ায় জনবল নিয়োগের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td><td>প্রধান প্রকৌশলী (সওজ অধিদপ্তর)/অতিরিক্ত সচিব (আরবান) ট্রান্সপোর্ট) নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ ব্যবস্থাপনা পরিচালক (ঢাকা বিঅরটি)/ উপসচিব (টোল ও এক্সেল)</td></tr>
<tr><td>১০</td><td>সরকারের বিশেষ উদ্যোগসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:<br>ক. Grievance Redress System (GRS):<br>ডিসেম্বর ২০২৫ মাসে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় জিআরএস সংক্রান্ত তথ্য:
<table>
<tr><th>বিভাগ/দপ্তর/সংস্থা</th><th>পূর্বের জের</th><th>প্রাপ্ত অভিযোগ</th><th>মোট</th><th>অন্য দপ্তরে প্রেরণ</th><th>নিষ্পত্তি</th><th>মোট অনিষ্পন্ন</th></tr>
<tr><td>সড়ক পরিবহন ও মাহাসড়ক বিভাগ</td><td>১</td><td>২০</td><td>২১</td><td>১৮</td><td>-</td><td>৩</td></tr>
<tr><td>সওজ অধিদপ্তর</td><td>৩</td><td>১৯</td><td>২২</td><td>২</td><td>১৮</td><td>২</td></tr>
<tr><td>বিআরটিএ</td><td>২৯১+২১</td><td>১৬</td><td>৩২৮</td><td>৪</td><td>-</td><td>৩২৪</td></tr>
<tr><td>বিআরটিসি</td><td>২</td><td>১</td><td>৩</td><td>-</td><td>৩</td><td>-</td></tr>
<tr><td>ডিটিসিএ</td><td>১</td><td>-</td><td>১</td><td>-</td><td>১</td><td>-</td></tr>
<tr><td>ডিএমটিসিএল</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>ঢাকা বিআরটি</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>মোট=</td><td>৩১৯</td><td>৫৬</td><td>৩৭৫</td><td>২৪</td><td>২২</td><td>৩২৯</td></tr>
</table>
পূর্বের জের এবং ডিসেম্বর মাসে প্রাপ্ত অভিযোগসহ মোট অভিযোগের সংখ্যা ৩৭৫টি তার মধ্যে ২৪ টি অন্য দপ্তরে প্রেরণ এবং ২২টি নিষ্পত্তি করা হয়েছে। মোট অনিষ্পন্ন ৩২৯টি। অভিযোগের বিষয়ে আমলে নিয়ে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উদ্যোগী হওয়ার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।</td><td>(১) অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ মোতাবেক অভিযোগ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে।<br>(২) সংস্থাভিত্তিক জিআরএস এর তথ্য প্রতি মাসে ৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে হবে।<br>(৩) অভিযোগের বিষয়ে আমলে নিয়ে যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে।</td><td>দপ্তর/সংস্থা প্রধান/ GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
<tr><td></td><td>খ. Public Service Innovation:<br>বাস্তবায়নযোগ্য ইনোভেশন আইডিয়ার একটি পরিকল্পনা মার্চ ২০২৬ সময়ের মধ্যে প্রস্তুত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। এছাড়া, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন টীম পুনর্গঠন করার কার্যক্রম প্রক্রিয়াধীন।<br>চীফ ইনোভেশন অফিসার জানান, রাজস্ব সংগ্রহে বিআরটিসি’র ট্রাক এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মেরামত কাজে নিয়োজিত যন্ত্রপাতি ব্যক্তিগত ও প্রাইভেট সেক্টেরে এ্যাপসের মাধ্যমে ভাড়া প্রদান বিষয়ে একটি আইডিয়া গ্রহণের পরিকল্পনা রয়েছে।</td><td>(১) বাস্তবায়নযোগ্য ইনোভেশন আইডিয়ার একটি পরিকল্পনা মার্চ ২০২৬ সময়ের মধ্যে প্রস্তুত করতে হবে।<br>(২) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন টীম পুনর্গঠন করতে হবে।<br>(৩) বিআরটিসি’র ট্রাক এবং সড়ক ও জনপথ অধিদপ্তরের মেরামত কাজে নিয়োজিত যন্ত্রপাতি ব্যক্তিগত ও প্রাইভেট সেক্টেরে এ্যাপসের মাধ্যমে ভাড়া প্রদানের আইডিয়ার বিষয়ে সওজ অধিদপ্তর ও বিআরটিসি’র সাথে আলোচনা করতে হবে।</td><td>চীফ ইনোভেশন অফিসার/সিনিয়র সিস্টেম এনালিস্ট</td></tr>
</table>

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১১. | **বিবিধ**<br>**ক. ইন্টার্নশিপ কোর্স চালু:**<br>ইন্টার্ন নিয়োগের লক্ষ্যে ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, ২০২৫-২০২৬ অর্থবছরে এ বিভাগের এক জন ইন্টার্ন নিয়োগ সম্পন্ন হয়েছে। এছাড়া, সওজ অধিদপ্তর কর্তৃক ৫(পাঁচ) জন এবং ডিটিসিএ'র ইন্টার্ন নিয়োগ সম্পন্ন হয়েছে। বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএলে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম চলমান আছে। চলমান নিয়োগ প্রক্রিয়া জানুয়ারি ২০২৬ এর মধ্যে সম্পন্ন করে নিয়োগপ্রাপ্ত ইন্টার্নদের ইনোভেটিভ ও দক্ষ সুপারভাইজারের অধীনে কাজ করার সুযোগ প্রদানের জন্য সভাপতি সংস্থা প্রধানদের পরামর্শ প্রদন করেন। | (১) বিআরটিসি, বিআরটিএ, ডিএমটিসিএলে জানুয়ারি ২০২৬ মাসে ইন্টার্ন নিয়োগের কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(২) নিয়োগপ্রাপ্ত ইন্টার্নদের ইনোভেটিভ ও দক্ষ সুপার ভাইজারের অধীনে কাজ করার সুযোগ প্রদান করতে হবে।<br>(৩) মন্ত্রণালয় হতে দপ্তর/সংস্থার ইন্টার্নশীপ কার্যক্রম তদারকি করতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/, উপসচিব (বৈদেশিক সহায়তা শাখা) /ইন্টার্নশীপ মনোনয়ন ও আয়োজন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **খ. দপ্তর/সংস্থার প্রশিক্ষণ আয়োজন:**<br>উপসচিব (প্রশিক্ষণ) জানান, এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৫-২০২৬ অর্থবছরের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | এ বিভাগ ও আওতাধীন/দপ্তর সংস্থায় প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী অভ্যন্তরীণ প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | দপ্তর/সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশিক্ষণ) |
| | **গ. বুয়েট ও অন্যান্য প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সমূহের সাথে এ বিভাগের সম্পর্ক স্থাপন:**<br>(১) প্রকৌশল বিষয়ে লেখাপড়া করা তরুণ শিক্ষার্থীদের ব্যবহারিক জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে নির্দেশিকা সওজ অধিদপ্তর কর্তৃক বাংলায় প্রণয়ন করা হয়েছে এবং নির্দেশিকাটি পর্যালোচনাপূর্বক চূড়ান্ত করার লক্ষ্যে ৪ সদস্য বিশিষ্ট কমিটি গঠন হয়েছিল। কমিটির আহবায়ক নিখীল কুমার দাস, অতিরিক্ত সচিব বদলী হওয়ায় পুনরায় কমিটি পুনর্গঠনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br>(২) ডিটিসিএ হতে জানানো হয়েছে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সেমিস্টার ফাইনাল পরীক্ষা চলমান থাকায় ও পরীক্ষা পরবর্তী ইউনিভার্সিটি শীতকালীন বন্ধ হওয়ার কারণে বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের নিয়ে ডিটিসিএ এর কার্যক্রম সম্পর্কে  লার্নিং সেশন আয়োজন করা সম্ভব হয়নি। বিশ্ববিদ্যালয় খোলা সাপেক্ষে খুব শীঘ্রই পরবর্তী লার্নিং সেশন আয়োজন করা হবে। | (১) কমিটি পুনর্গঠন করতে হবে।<br>(২) বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্র-ছাত্রীদের ইন্ডাস্ট্রিয়াল এটাচমেন্টের বিষয়টি চলমান রাখতে হবে।<br>(৩) প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ডিটিসিএ'র কার্যক্রম সম্পর্কে পরিচিতিকরণের বিষয়টি অব্যাহত রাখতে হবে। | চেয়ারম্যান, (বিআরটিসি)/ নির্বাহী পরিচালক (ডিটিসিএ)/ অতিরিক্ত সচিব (সম্পত্তি)/ প্রধান প্রকৌশলী, সওজ |
| | **ঘ. সওজ অধিদপ্তরে ইলেক্ট্রিক্যাল বিভাগ চালু:**<br>ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে সড়ক ও জনপথ অধিদপ্তর হতে প্রস্তাব পাওয়া গেছে এ বিষয়ে গত ২৫.০১.২০২৬ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। | ইলেকট্রিক্যাল বিভাগ চালুর বিষয়ে কার্যক্রম ত্বরান্বিত করতে হবে। | অতিরিক্ত সচিব/প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/উপসচিব (সওজ সংস্থাপন-১) |
| | **ঙ. সংস্কার পরিকল্পনা বাস্তবায়ন:**<br>এ বিভাগ কর্তৃক গৃহীত ৮টি সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনা দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত আছে। বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত এবং অগ্রগতি তথ্য প্রতিমাসে এ বিভাগে প্রেরণের জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | সময়াবদ্ধ সংস্কার পরিকল্পনার বাস্তবায়ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতির তথ্য প্রতিমাসে এ বিভাগে প্রেরণ করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর/ সংস্কার প্রস্তাব বাস্তবায়ন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| | **চ. সাংগাঠনিক কাঠামো হালনাগাদকরণ:**<br>Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো হালনাগাদ করার কার্যক্রম চলমান। যারা এখনও সাংগঠনিক কাঠামো হালনাগাদ করেনি, তাদেরকে আগামী ফেব্রুয়ারি ২০২৬ সময়ের মধ্যে হালনাগাদ করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়। | Rules of Business 1996 অনুযায়ী এ বিভাগ ও দপ্তর/সংস্থার কার্যক্রম পরিচালনাসহ সাংগঠনিক কাঠামো ফেব্রুয়ারি ২০২৬ সময়ের মধ্যে হালনাগাদ করতে হবে। | অতিরিক্ত সচিব (প্রশাসন)/দপ্তর সংস্থা প্রধান (সকল)/ উপসচিব (প্রশাসন) |
| | **ছ. সড়কের উপর নির্ভরশীলতা কমিয়ে ৬৪টি জেলার সাথে সংযোগ স্থাপন:**<br>প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, সড়কে নির্ভরতা কমিয়ে ৬৪টি জেলার সাথে Multimodal Transport System স্থাপন বিষয়ে বিভিন্ন দপ্তর/সংস্থা, স্টেক হোল্ডার ও বিশিষ্ট ব্যক্তিবর্গদের নিয়ে সড়ক ভবনে একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। উক্ত সেমিনারে সওজ এর প্রস্তাবিত পরিকল্পনার উপর বিশিষ্ট জনেরা বিভিন্ন মতামত ও পরামর্শ প্রদান করেন। মতামত ও পরামর্শ অনুযায়ী পরিকল্পনা প্রণয়নের কাজ চলমান আছে। | বিভিন্ন দপ্তর/সংস্থা, স্টেক হোল্ডার বিশিষ্ট ব্যক্তিবর্গদের পরামর্শ ও মতামতের আলোকে Multimodal Transport System স্থাপন বিষয়ে পরিকল্পনা প্রণয়ন করতে হবে। | প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| | **জ. অন্যান্য আলোচনা**<br>অফিসের সকল ধরণের নিরাপত্তা ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে সভায় গুরুত্বারোপ করা হয়। মেট্রোরেল এর স্টেশন ও স্টেশনের ফুটপাত গুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল-কে সভায় পরামর্শ প্রদান করা হয়। রাজস্ব সংগ্রহ বাড়াতে টোল আদায় এবং বিআরটিসি বাস পরিচালনায় আরো জোরালো পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি অবহিত করেন যে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে জাতীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। নতুন সরকারের কাজের ধরণে ভিন্নতা থাকবে তাই এখন থেকেই পরবর্তী সরকারের সময়ে কি ধরণের কাজ করতে হবে তার পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করতে হবে। | (১) অফিসের সকল ধরণের নিরাপত্তা ও পরিস্কার পরিচ্ছন্নতা নিশ্চিত করতে হবে।<br>(২) মেট্রোরেল এর স্টেশন ও স্টেশনের ফুটপাত গুলো পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।<br>(৩) রাজস্ব সংগ্রহ বাড়াতে টোল আদায় এবং বিআরটিসি বাস পরিচালনায় আরো জোরালো পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>(৪) নির্বাচন পরবর্তী সরকারের সময়ে কি ধরণের কাজ করতে হবে তার পরিকল্পনা ও প্রস্তুতি গ্রহণ করতে হতে | অতিরিক্ত সচিব (সকল)<br>দপ্তর/সংস্থা প্রধান (সকল) |

০৩। আলোচ্য সূচিতে আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে ও গৃহীত সিদ্ধান্তসমূহ দুত বাস্তবায়নের অনুরোধ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৪.১০.২০২৬
ড. মোহাম্মদ জিয়াউল হক
সচিব

কার্যবিবরণীতে উল্লিখিত স্ব-স্ব বিষয়ের উপর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আগামী ২৪ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নং-৩৫.০০.০০০০.০৫১.০৬.০০২.২৫-৪৭

তারিখঃ ১১ মাঘ ১৪৩২
২৪ ফেব্রুয়ারি ২০২৬

**বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১. অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২. চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, চেয়ারম্যানবাড়ী, নতুন বিমানবন্দর সড়ক বনানী, ঢাকা
৩. চেয়ারম্যান, বিআরটিসি, ২১ রাজউক এভিনিউ, মতিঝিল, ঢাকা
৪. নির্বাহী পরিচালক, ডিটিসিএ, লাভ রোড, তেজগাঁও, ঢাকা-১২০৮
৫. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৬. ব্যবস্থাপনা পরিচালক, ডিএমটিসিএল, দিয়াবাড়ী, উত্তরা, ঢাকা
৭. ব্যবস্থাপনা পরিচালক, বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানি লিমিটেড, উত্তরা, ঢাকা
৮. যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৯. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০. উপসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১. সম্পত্তি ও আইন কর্মকর্তা, সওজ অধিদপ্তর, প্রধান কার্যালয়/ঢাকা/খুলনা/চট্টগ্রাম জোন
১২. পরিচালক (নিরীক্ষা ও হিসাব), সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা
১৪. প্রধান বৃক্ষপালনবিদ, সওজ, পাইকপাড়া, মিরপুর, ঢাকা
১৫. সিনিয়র সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (**কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ**)
১৭. সহকারী সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৮. হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

২৪/২/২৬

তাসলিমা আহমেদ পলি
উপসচিব
☏২২৩৩৮০৯৬৬
E-mail: dstraco@rthd.gov.bd

CamScanner